


প্রকাশ : ২৭ নভেম্বর, ২০১৯ ১৪:১৫
আপডেট : ২৭ নভেম্বর, ২০১৯ ১৪:১৭

অনলাইন
ভার্সন

Share
প্রিন্ট করুন 

মেয়র আনিসুল হকের মৃত্যুবার্ষিকীতে দোয়া মাহফিল শনিবার

| নিজস্ব প্রতিবেদক



ঢাকা উত্তর সিটি করপোরেশনের জনপ্রিয় মেয়র আনিসুল হকের দ্বিতীয় মৃত্যুবার্ষিকী আগামী ৩০ নভেম্বর (শনিবার)। দিনটিকে স্মরণ করে তার পরিবারের পক্ষ থেকে মরহমের আত্মার মাগফিরাত কামনায় বিশেষ দোয়া এবং মিলাদ মাহফিলের আয়োজন করা হয়েছে।

শনিবার বাদ আসর গুলশান আজাদ মসজিদে আনিসুল হকের জন্য এ বিশেষ দোয়া মাহফিল হবে। এতে অংশ নেওয়ার নেওয়া জন্য সকলের প্রতি অনুরোধ জানিয়েছেন তার স্ত্রী রুবানা হক।

উল্লেখ্য, ২০১৭ সালের ২৯ জুলাই ব্যক্তিগত সফরে লন্ডন গিয়ে আনিসুল হক সেরিব্রাল ভাসকুলাইটিসে (মস্তিষ্কের রক্তনালির প্রদাহ) রোগে আক্রান্ত হন। ৩০ নভেম্বর লন্ডনে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

বিডি-প্রতিদিন/মাহবুব